

# মেয়র আনিসুল হকের উদ্যোগে শিল্পীর পাশে ফাউন্ডেশন

প্রকাশিত: ১১:০১ এএম, ১৯ নভেম্বর ২০১৬



ছবি : মাহবুব আলম

শিল্প আর সৃষ্টিতে যারা সমাজকে সমৃদ্ধ করেন তারাই শিল্পী। প্রায়ই দেখা যায় জীবনের শেষ প্রান্তে গিয়ে সুচিকিৎসার অভাবে ভোগেন চলচ্চিত্র-নাটক কিংবা সংগীতজ্ঞদের শিল্পীরা।

কেউ কেউ নিরুপায় হয়ে বেঁচে থাকার আশায় সব সংকোচ চাপা দিয়ে অর্থ সাহায্য চান রাষ্ট্রের কাছে, প্রিয় ভক্ত-অনুরাগীদের কাছে। অনেকে আবার এটুকু আপস করতে না পেরে অভিমান বুক নিয়েই চিকিৎসার অভাবে ধুকে ধুকে নীরবে পাড়ি জমান অন্যলোকে।

এ নিয়ে অনেক কথা হয়, আলোচনা হয় শিল্পজ্ঞানে। কিন্তু সঠিক কোনো পদক্ষেপ চোখে পড়েনি। অবশেষে সেই জায়গাটিতেই একটি মহৎ চেষ্টা চালানেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। তার উদ্যোগে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত শিল্পীদের পাশে দাঁড়াতে গড়ে উঠেছে 'শিল্পীর পাশে ফাউন্ডেশন' নামে এক প্রতিষ্ঠান। আজ শনিবার (১৯ নভেম্বর) থেকে এর আনুষ্ঠানিক যাত্রা শুরু।



আজ দুপুরে রাজধানীর ওয়েস্টিন হোটেলের বলরুমে এক অনুষ্ঠানের মাধ্যমে এ ফাউন্ডেশনের আনুষ্ঠানিক ঘোষণা দেওয়া হয়। পাশাপাশি ক্যান্সারে আক্রান্ত সংগীতের তিন কিংবদন্তিকে প্রদান করা হয় আর্থিক সহায়তা। এর মধ্যে লাকী আখন্দকে দেয়া হয় সর্বোচ্চ ৪০ লাখ, আলাউদ্দীন আলীকে ২০ লাখ এবং শাম্মী আখতারকে ১০ লাখ টাকার চেক।

অনুষ্ঠানে জানানো হয়, ফাউন্ডেশনটির তহবিল সংগ্রহের জন্য আগামী ফেব্রুয়ারিতে বড় একটি কনসার্টেরও আয়োজন করা হবে।

ফাউন্ডেশনটি পরিচালনার জন্য দেশবরেণ্য ১৯ জন ব্যক্তিত্বকে নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির চেয়ারম্যান শিক্ষাবিদ ড. আনিসুজ্জামান, ভাইস চেয়ারম্যান অঞ্জন চৌধুরী পিন্টু। এছাড়া রয়েছেন আসাদুজ্জামান নূর এমপি, মুস্তাফা মনোয়ার, ফেরদৌসী রহমান, আলী যাকের, ফরিদুর রেজা সাগর, আবুল খায়ের লিটু, সৈয়দ আব্দুল হাদী, নাসির উদ্দীন ইউসুফ, আবদুল মাতলুব আহমাদ, অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, সেলিনা হোসেন, অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম, ড. মুহম্মদ জাফর ইকবাল, ফয়সাল সিদ্দিকী বগি, সিদ্দিকুর রহমান, ওমর সাদাত ও মেয়র আনিসুল হক।



ফাউন্ডেশন সংশ্লিষ্টরা ছাড়াও আজকের আয়োজনে উপস্থিত ছিলেন আলমগীর, সুবীর নন্দী, খোরশেদ আলম, ফেরদৌস, শম্পা রেজা, সাদী মুহাম্মদ, রফিকুল ইসলাম, মেহরীন, জুয়েল আইচ, পীযুষ বন্দ্যোপাধ্যায়, দীপা খন্দকার, অপি করিম, আইয়ুব বাচ্চু, ফাহমিদা নবী, সামিনা চৌধুরী, আনিসুর রহমান মিলন, আবিদা সুলতানা, মাকসুদ, হামিন আহমেদ, শাফিন আহমেদ, কনক চাঁপা, এস আই টুটুল, বাপ্পা মজুমদার, শওকত আলী ইমন, পরিচালক দেবশীষ বিশ্বাস, চয়নিকা চৌধুরী, শিমুল খান, ফেরদৌস ওয়াহিদ, হাবিব, তানভীন সুইটিসহ আরো অনেকে।

অনুষ্ঠানে অসুস্থ শিল্পী লাকী আখন্দ তার জনপ্রিয় ‘আগে যদি জানতাম’ গানটি গেয়ে শোনান। আবেগঘন সেই পরিবেশে মঞ্চে এসে লাকীর সঙ্গে কণ্ঠ মেলান আবিদা সুলতানা, খোরশিদ আলম, ফাহমিদা নবী, সামিনা চৌধুরী, শিমুল খান, এস আই টুটুলসহ অনেকে। এরপর নানা প্রজন্মের তারকাদের সঙ্গে গান করেন বরণ্য সুরকার আলাউদ্দিন আলীও।

এদিকে মেয়র আনিসুল হকের এমন উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন দেশের সর্বস্তরের শিল্পী। সবার ধারণা, অসুস্থ শিল্পীদের হাত পেতে অর্থ সাহায্য চাওয়াটা শিল্প সাধনার জন্য বিব্রতকর। আশা করা যায়, এবার সেই দৃশ্য আর দেখতে হবে না। সবাই ধন্যবাদ জানান মেয়র আনিসুল হককেও।

এ প্রসঙ্গে অনুষ্ঠানে উপস্থিত শম্পা রেজা বলেন, ‘এই উদ্যোগকে সাধুবাদ জানানোর ভাষা আমার নেই। দেশের শিল্পীদের বিব্রতকর পরিস্থিতি থেকে বাঁচাতে যে উদ্যোগ আমাদের ঢাকা উত্তরের মেয়র নিয়েছেন, তার জন্য কেবল হৃদয় ভরা আশীর্বাদ রেখে যাই।’



চিত্রনায়ক ফেরদৌস বলেন, ‘অনেক গুণী শিল্পীই নীরবে নিভূতে শিল্প চর্চা করেন। তারা অর্থ, বিত্ত, চাকচিক্যের পেছনে ছোটেন না। তাই শেষ বয়সে কোনো দুরারোগ্য অসুখ হলে তার যথার্থ চিকিৎসা করাতে পারেন না। এজন্য এর ওর কাছে হাত পাততে হয়। এটা শিল্পীর জন্য যেমন লজ্জার, তেমনি এই অঙ্গনের জন্যও বেদনার। সেই ভাবনা থেকে ‘শিল্পীর পাশে ফাউন্ডেশন’ গড়ে উঠেছে। এটা আমাদের শিল্পীদের দারুণ একটা শক্তি দিয়েছে। আর এই উদ্যোগটির জন্য মেয়র আনিসুল হক আমাদের প্রাণের মানুষ হিসেবে নতুন উচ্চতায় পৌঁছে গেলেন। উনার জন্য এবং এই ফাউন্ডেশনের সঙ্গে জড়িত প্রতিটি মানুষের জন্য আমার অনেক শ্রদ্ধা রইলো।’

গায়ক ও সংগীত পরিচালক হাবিব ওয়াহিদ বলেন, ‘এটা যুগান্তকারী একটি উদ্যোগ হয়েছে শিল্পীদের জন্য। আমাদের প্রিয় মানুষেরা চিকিৎসার অভাবে ভুগছেন এই অমানবিক শব্দটা আর হয়তো শুনতে হবে না। আমাদের মধ্যে যার যেমন ক্ষমতা আছে সে অনুযায়ী ভালোবাসা নিয়ে এই ফাউন্ডেশনের সঙ্গে যুক্ত হবো এই প্রত্যাশা করি।’

এলএআরআইপি